

## এসএসসি পরীক্ষা ৩ ফেব্রুয়ারি শুরু

নিজস্ব বার্তা পরিবেশক :  
আগামী বছর ৩ ফেব্রুয়ারি থেকে দেশব্যাপী শুরু হবে এসএসসি, দাবিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষা। আটটি সাধারণ, একটি মাদ্রাসা ও একটি কারিগরি মোট ১০ শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য এ পরীক্ষার পূর্ণায় সময়সূচি গতকাল চূড়ান্ত করেছে শিক্ষা মন্ত্রণালয়। ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ([www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)) পরীক্ষা : পৃষ্ঠা : ১৫ ৮ : ৫

### পরীক্ষা : এসএসসি (১ম পৃষ্ঠার পূর্ব)

আট বোর্ডের এসএসসি পরীক্ষার সময়সূচি পাওয়া যাবে। এছাড়া স্ব স্ব শিক্ষা বোর্ডের ওয়েবসাইটেও সময়সূচি পাবেন পরীক্ষার্থীরা। মাদ্রাসা ও কারিগরি বোর্ডের ওয়েবসাইটে তার অধীন 'দাবিল' ও এসএসসি ভোকেশনাল পরীক্ষার সময়সূচি আলাদা কালের মধ্যেই পাওয়া যাবে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।  
ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও আন্তর্জাতিক বোর্ড সমন্বয় সাব কমিটির সভাপতি অধ্যাপক ফাহিমা হাভুদ বলেছেন, সকল বোর্ডের এসএসসি ও সমমানের পরীক্ষার সময়সূচি চূড়ান্ত হয়েছে। বোর্ডের ওয়েবসাইটে এটি পাওয়া যাবে। সময়সূচি অনুসারে বাংলা প্রথমপত্র পরীক্ষার মধ্য দিয়ে তিন ফেব্রুয়ারি থেকে হবে লিখিত পরীক্ষা। ৫ মার্চ লিখিত পরীক্ষা শেষ হবে। এরপর ৬ মার্চ থেকে ১৮ মার্চ পর্যন্ত চলবে ব্যবহারিক পরীক্ষা। পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এসএম ওয়াহিদুজ্জামান বলেছেন, ৮ বোর্ডের এসএসসি সময়সূচি যেহেতু একই তাই যে কেউ ঢাকা বোর্ডের ওয়েবসাইটে থেকেই এটি জানতে পারবেন।